দর্শনা বাড়দী সীমান্তে ১ কোটি ৪০ লাখ টাকা মূল্যের ১০টি স্বর্ণের বার জব্দ

চুয়াডাঙ্গার দর্শনা সীমান্তে ৬ বিজিবি চোরাচালান বিরোধী অভিযান চালিয়ে ১ কোটি ৪০ লাখ টাকা মূল্যের ১০ টি স্বর্ণের বার উদ্ধার করেছে বিজিবি।

আজ মঙ্গলবার (১০ ডিসেম্বর) সকাল সাড়ে ৯ টার দিকে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবির) অধিনায়ক লেঃ কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসির নেতৃত্বে অভিযান চালায় বাড়াদী সীমান্তের নাস্তিপুর আমবাগানে। সে সময় বাড়াদী বিওপি ক্যাম্পের হাবিলদার খন্দকার ওবায়দুর রহমান গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালায় সীমান্ত পিলারের ৮০ হতে আনুমানিক ১শ গজ বাংলাদেশের অভ্যন্তরে নাস্তিপুর আমবাগানের মধ্যে এ্যাম্বুশ করে।

এ সময় বিজিবি টহলদল সন্দেহভাজন একজন ব্যক্তিকে এলাকা দিয়ে অতিক্রম করতে দেখে বিজিবি স্বশস্ত্র টহলদল তাকে চ্যালেঞ্জ করলে তার কাছে থাকা একটি প্যাকেট ফেলে পালিয়ে যায়। পরে বিজিবি প্যাকেট খুলে দেখতে পায় খাকী রংয়ের স্কচটেপ দিয়ে মোড়ানো অবস্থায় ২টি ব্যাগে আনুমানিক ০১ কেজি ১৬৪ গ্রাম (৯৯.৭৯ ভরি) ওজনের ১০টি স্বর্ণের বার উদ্ধার করে। তবে এ ঘটনায় চোরাচালানীকে আটক করতে পারেনী। এ সব স্বর্নের আনুমানিক মৃল্যে ১ কোটি ৪০ লাখ টাকা।

এ ঘটনায় বাড়াদী ক্যাম্পের হাবিলদার খন্দকার ওবায়দুর রহমান বাদী হয়ে দর্শনা থানায় একটি মামলা দায়ের করেছে। জব্দকৃত স্বর্ণের বারগুলি চুয়াডাঙ্গা ট্রেজারী অফিসে জমা করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।